



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০০২.১৯. ১৩৫

তারিখঃ ১৯ মে ২০১৯

বিষয়ঃ বাংলাদেশে বীমা শিল্পকে জনপ্রিয় করা উদ্দেশ্যে নতুন উত্তাবনী পরিকল্পনা প্রচলন।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের অধিকাংশ জনসাধারণ এখনও বীমা সেবার আওতায় আসেনি। জাতীয় বীমা নীতি, ২০১৪ এ বাংলাদেশের সকল জনসাধারণকে বীমা সেবার আওতায় নিয়ে আসার একটি রূপকল্প নির্ধারণ করা হয়েছে। প্রচলিত বীমা পরিকল্পনাসমূহের সুযোগ সুবিধা বা প্রচারের অভাব এবং এ শিল্পের প্রতি জনসাধারণের আস্থার অভাব থাকায় শিল্পটি বিকাশ হচ্ছে না। এ কারণেই উত্তাবনী পরিকল্পনা ছাড়া এ শিল্পের বিকাশ ঘটানো সম্ভব নয়। বিভিন্ন দেশের জনপ্রিয় বীমা পরিকল্পনাসমূহ পরীক্ষা নিরীক্ষা করে বাংলাদেশের জন্য প্রযোজ্য উত্তাবনী পরিকল্পনা প্রণয়ন করা আবশ্যিক। একমাত্র উত্তাবনী বীমা পরিকল্পনা পারবে জান ও মালের ঝুঁকি প্রশমন করতে।

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বীমা পরিবারের একজন সদস্য ছিলেন। ২০২০ সালে জাতির পিতার জন্মশতবার্ষিকী পালন করা হবে। এ জন্মশতবার্ষিকী উপলক্ষে উত্তাবনী বীমা পরিকল্পনাসমূহ তৈরি করে জনগণের জান ও মালের ঝুঁকি প্রশমনের নিমিত্ত প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, জাতীয় বীমা নীতির রূপকল্প বাস্তবায়নে জনগণের জান ও মালের ঝুঁকি প্রশমনের নিমিত্ত উত্তাবনী বীমা পরিকল্পনা তৈরি করে আগামী ১৫ দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য সকল লাইফ ও নন-লাইফ বীমাকারীকে অনুরোধ করা হল।

(খলিল আহমদ)

নির্বাহী পরিচালক (প্রশাসন)

বিতরণ (কার্যার্থে):

মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ/নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি।

অনুলিপি (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়): সদয় অবগতির জন্য প্রেরণ

- ১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
- ২। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
- ৩। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
- ৪। নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৫। পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৭। সদস্যবৃন্দের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৮। সকল শাখা, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৯। অফিস কপি।